

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-০৯

তারিখঃ ২৭ মার্চ '২০২২খ্রিঃ।

নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাঘারপাড়া উপজেলা পরিষদের মার্চ '-২০২২ মাসের মাসিক সাধারণ সভা জনাব ভিক্টোরিয়া পারভীন সাথী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের সভাপতিত্বে আগামী ৩১ মার্চ '২০২২ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বেলা ১১.০০ টায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট সকলকে সভার ০২(দুই) কার্যদিবস পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রদান ও সফটকপি নিকস ফন্টে cobagherpara@gmail.com প্রেরণ নিশ্চিত করণ এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচীঃ

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. বিগত সভার গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা।
৩. বিভিন্ন বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনা।
৪. ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প গ্রহন সম্পর্কিত পর্যালোচনা।
৫. আর্থিক বিভিন্ন বিষয়াদি সম্পর্কিত আলোচনা।
৬. মাননীয় উপদেষ্টা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সুপারিশসমূহ।
৭. সমন্বয় (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)।
৮. উপজেলা পরিষদের বাসাবাড়ি ও দোকানঘর সম্পর্কিত আলোচনা।
৯. বিবিধ।

আ.ন.ম আবুজর গিফারী
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর

ও

মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর
ফোন নং ০৪২২৩-৬৫০২২

ই-মেইল: unobagherpara@mopa.gov.bd.

বিতরণঃ

- ১। মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর - ৪ [সদয় উপস্থিতির অনুরোধসহ]
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- ৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- ৪। মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
- ৫। উপজেলা -----কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
- ৬। চেয়ারম্যান, জহরপুর/বন্দবিলা/রায়পুর/নারিকেলবাড়িয়া/খলগ্রাম/দোহাকুলা/দরাজহাট/বাসুয়াড়ী/জামদিয়া ইউপি, বাঘারপাড়া, যশোর।
- ৭। আলেয়া বেগম, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ









- ১। জেলা প্রশাসক, যশোর।

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-০৯


তারিখঃ ২৭ মার্চ ' ২০২২খ্রিঃ।

ক্র: নং	পদবী	প্রাপ্তি স্বীকার
১	উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা	
২	উপজেলা কৃষি কর্মকর্তা	
৩	উপজেলা প্রকৌশলী	
৪	উপজেলা মৎস্য কর্মকর্তা	 ২০/৩/২২
৫	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	 ২০/৩/২২
৬	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	
৭	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	 ২০/৩/২২
৮	উপজেলা সমবায় কর্মকর্তা	 ২০/৩/২২
৯	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	 ২০/৩/২২
১০	উপজেলা সমাজসেবা কর্মকর্তা	
১১	উপজেলা প: প: কর্মকর্তা	
১২	উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা	
১৩	উপজেলা শিক্ষা কর্মকর্তা	
১৪	ফরেস্টার, সামাজিক বনায়ন	
১৫	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	
১৬	উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য)	 ২০/৩/২২

উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-০৯

তারিখঃ ২৭ মার্চ '২০২২খ্রিঃ।

ক্র: নং	পদবী	প্রাপ্তি স্বীকার
১০.	মেয়র, বাঘারপাড়া পৌরসভা	 ২৭/৩/২২

ଡେସଲୋ ମସିନେ ୩୦/୧୨/୨୦୨୨ ମସିହା
ମାସିକ ଶାନ୍ତିର ସେବା-ସେବିତ୍ରୀ

ସଭାପତି:- ଡକ୍ଟର ବିଜୟା ମାରିନି ସାମି
(ସଭାପତି, ଡେସଲୋ ମସିନେ, ଶାନ୍ତିର ସେବା)

ସ୍ଥାନ :- ଡେସଲୋ ମସିନେ ମିଲିଆରୀ

ତାରିଖ:- ୦୭/୦୭/୨୦୨୨ ସି: ସମୟ: ୧୦ ଘଣ୍ଟା

ସଭା-ସମିତିର ସଭାପତିଙ୍କ ସମ୍ମୁଖେ ଶ୍ରୀ ଶ୍ରୀ:-

୧) ଡକ୍ଟର ବିଜୟା ମାରିନି, ଡେସଲୋ ମସିନେ, ଡେସଲୋ ମସିନେ → ୦୭/୦୭/୨୦୨୨

୨) ଡକ୍ଟର ବିଜୟା ମାରିନି, ଡେସଲୋ ମସିନେ, ଡେସଲୋ ମସିନେ → ୦୭/୦୭/୨୦୨୨

୩) ଡକ୍ଟର ବିଜୟା ମାରିନି, ଡେସଲୋ ମସିନେ → ୦୭/୦୭/୨୦୨୨

୪) ଡକ୍ଟର ବିଜୟା ମାରିନି, ଡେସଲୋ ମସିନେ → ୦୭/୦୭/୨୦୨୨

୫) ଡକ୍ଟର ବିଜୟା ମାରିନି, ଡେସଲୋ ମସିନେ → ୦୭/୦୭/୨୦୨୨

୬) ଡକ୍ଟର ବିଜୟା ମାରିନି, ଡେସଲୋ ମସିନେ → ୦୭/୦୭/୨୦୨୨

୭) ଡକ୍ଟର ବିଜୟା ମାରିନି, ଡେସଲୋ ମସିନେ → ୦୭/୦୭/୨୦୨୨

୮) ଡକ୍ଟର ବିଜୟା ମାରିନି, ଡେସଲୋ ମସିନେ → ୦୭/୦୭/୨୦୨୨

୯) ଡକ୍ଟର ବିଜୟା ମାରିନି, ଡେସଲୋ ମସିନେ → ୦୭/୦୭/୨୦୨୨

୧୦) ଡକ୍ଟର ବିଜୟା ମାରିନି, ଡେସଲୋ ମସିନେ → ୦୭/୦୭/୨୦୨୨

୧୧) ଡକ୍ଟର ବିଜୟା ମାରିନି, ଡେସଲୋ ମସିନେ → ୦୭/୦୭/୨୦୨୨

୧୨) ଡକ୍ଟର ବିଜୟା ମାରିନି, ଡେସଲୋ ମସିନେ → ୦୭/୦୭/୨୦୨୨

স্বাস্থ্য উন্নয়ন বিভাগীয় অফিসের জারি (উন্নয়ন)

- ১। মোঃ রুহুল করিম UAO
- ২। ডাঃ মোঃ মাহমুদ হুসাইন PHRPO
- ৩। মোঃ মাহমুদ হুসাইন, এম্বুলি ব্রীজিং
- ৪। জনাব বলা UFO,
- ৫। ডাঃ মোঃ মাহমুদ হুসাইন, ইউএলও, বাগাবাদ, মাদার
- ৬। মোঃ আবুল কালাম মোহাম্মদ - USEO - ৩১/৩/২২
- ৭। মোঃ আবু হানিফ - SAE, DPHE - ৩১/৩/২২
- ৮। ডাঃ পি. এম. মাহমুদ হুসাইন, USSO - ৩১/৩/২২
- ৯। মোঃ মাহমুদ হুসাইন RDO - ৩১/৩/২২
- ১০। মোঃ মাহমুদ হুসাইন UEO - ৩১/৩/২২
- ১১। মোঃ মাহমুদ হুসাইন, ইউএলও, বাগাবাদ, মাদার - ৩১/৩/২২
- ১২। জনাব বলা মোহাম্মদ হুসাইন, UWAO - ৩১/৩/২২
- ১৩। মোঃ মাহমুদ হুসাইন UYDO - ৩১/৩/২২
- ১৪। মোঃ মাহমুদ হুসাইন PIO - ৩১/৩/২২
- ১৫। মোঃ মাহমুদ হুসাইন UEO - ৩১/৩/২২
- ১৬। মোঃ মাহমুদ হুসাইন, ইউএলও, বাগাবাদ, মাদার - ৩১/৩/২২

বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : ভিক্টোরিয়া পারভীন সাধী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, বাঘারপাড়া, যশোর
তারিখ ও সময় : ৩১ মার্চ/২০২২ বৃহস্পতিবার, বেলা-১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যদের তালিকা :

- ০১) জনাব মোঃ আব্দুর রউফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- ০২) জনাব বিথীকা বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- ০৩) জনাব মোঃ কামরুজ্জামান, মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
- ০৪) জনাব মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান, জহরপুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৫) জনাব মোঃ মুনজুর রশীদ (স্বপন), চেয়ারম্যান, রায়পুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৬) জনাব বাবলু কুমার সাহা, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৭) জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৮) জনাব মোঃ ওয়াহিদুর রহমান আবু মোতালেব, চেয়ারম্যান, দোহাকুলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৯) জনাব মোঃ জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ১০) জনাব মোঃ আমিনুর সরদার, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ১১) জনাব শেখ আরিফুল ইসলাম তিব্বত, চেয়ারম্যান, জামদিয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত সদস্যদের তালিকা :

- ০১) জনাব মোঃ সবদুল হোসেন খান, চেয়ারম্যান, বন্দবিলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

উপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ)- (জৈষ্ঠতার ক্রমানুসারে নহে, উপস্থিতির ক্রমানুসারে) :

- ০১) জনাব মোঃ রুহুল আমিন, উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০২) জনাব ডাঃ মোঃ শরিফুল ইসলাম, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৩) জনাব আবু সুফিয়ান, উপজেলা প্রকৌশলী, বাঘারপাড়া, যশোর।
- ০৪) জনাব পলাশ বাল, উপজেলা মৎস্য কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৫) ডাঃ মোঃ ফজলে রাব্বী, উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৬) জনাব মোঃ আকরাম হোসেন খান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৭) জনাব আবু হানিফ, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বাঘারপাড়া, যশোর।
- ০৮) জনাব এ.টি.এম মাসুদ হোসেন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৯) জনাব মোঃ হাসান ইমাম, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১০) জনাব মোহাঃ মোস্তাফিজুর রহমান, উপজেলা সমবায় কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১১) জনাব মোঃ শাহীন কবীর, ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়া, যশোর।
- ১২) জনাব জাম্মাতুল ফেরদৌস লাবনী, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১৩) জনাব মোঃ সেলিমুজ্জামান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১৪) জনাব ফিরোজ আহমেদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১৫) জনাব মোঃ মাহবুবুর রহমান, উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ):

- ০১) জনাব এস.এম.জাফরী, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০২) জনাব মোঃ ফেরদৌস রহমান, ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, বাঘারপাড়া, যশোর।

সবাইকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভার নিয়মিত কার্যক্রম শুরু করেন। সভায় আলোচ্য বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

ক্র: নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী পাওয়া যায়নি।	সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্ব সম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার।
০২.	পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহন করা হয়েছে।	সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত হয়।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার
০৩.	বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনাঃ (ধারা ২৯ মোতাবেক গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরূপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন) উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটির কোন সভার কার্যবিবরণী অত্র সভায় উপস্থাপিত হয়নি।	সামাজিক দুরত্ব বজায় রেখে স্থায়ী কমিটিসমূহের সভার নিয়মিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানানো হয়।	১। সভাপতি/সদস্য সচিব, স্থায়ী কমিটি(সকল), উপজেলা পরিষদ,
০৪	৪. উন্নয়নমূলক (উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহের প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন কার্যক্রম পর্যালোচনা ও পরিষদ কর্তৃক বাস্তবায়নকৃত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম পর্যালোচনা):- (ক) আগুনে পোড়ায় অপ্রত্যাশিত খাত হতে অনুদান প্রদানঃ জনাব শহিদুল ইসলাম, স্বামী- সিদ্দিক হোসেন, গ্রাম- দয়ারামপুর, ইউনিয়ন- নারিকেলবাড়িয়া, বাঘারপাড়া, যশোর কর্তৃক দাখিলকৃত বসতবাড়ি পুড়ে যাওয়ায় সাহায্যের আবেদনটি সভায় উপস্থাপিত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে যেহেতু আগুনে পুড়ে উক্ত পরিবার অসহায় হয়ে পড়েছে যা চেয়ারম্যান, উপজেলা পরিষদ কর্তৃক সরেজমিনে পরিদর্শন করেছেন সেহেতু উক্ত পরিবারকে উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে =১০,০০০/- (দশ হাজার) টাকা অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে =১০,০০০/- (দশ হাজার) টাকা অনুদান প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	(ক) ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার
০৫.	আর্থিকঃ (উপজেলা পরিষদের আয়-ব্যয় সংশ্লিষ্ট প্রস্তাব) কোন আর্থিক বিষয়াদি নাই		
০৬.	অপারেশনাল (মাননীয় সংসদ সদস্য (উপদেষ্টা), উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের আলোচনা ও সুপারিশ পর্যালোচনা এবং ন্যাস্তকৃত/ প্রেষণে নিয়োজিত কর্মকর্তা - কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারী সংক্রান্ত বিষয়াদিঃ) কোন সুপারিশ নাই	---	----
০৭.	সমন্বয়ঃ (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)		
ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:	উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২২ইং অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় খাতওয়ারী বিভাজন অনুযায়ী প্রকল্প দাখিলের জন্য বলা হলে এ পর্যন্ত ০৭টি ইউনিয়ন পরিষদ থেকে প্রকল্প দাখিল পাওয়া গেছে বাকি নারিকেলবাড়িয়া ও বাসুয়াড়ী ইউনিয়ন থেকে কোন প্রকল্প দাখিল পাওয়া যায়নি। দাপ্তরিক অন্যান্য কর্মকান্ড সুষ্ঠুভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা প্রকৌশলী
খ. স্বাস্থ্য বিভাগ:	মোট করোনা রোগী ২০২০ সালে ১১৭, ২০২১ সালে ৪১১, ২০২২ সাল অদ্যাবধি ৪১জন। বর্তমান চিকিৎসাধীন ০০, মৃত্যু মোট ১৫ জন (২০২১) ও ২০২২ সালে ১ জন। কোভিড-১৯ ভ্যাকসিনেশন কার্যক্রম চলমান। মোট জনসংখ্যা ২৫৬৬২৭, ১ম ডোজ পেয়েছে ১৭৩১০৭ জন (৬৮%) এবং ২য় ডোজ ১৬৫৫৯৫জন (৬৫%) সম্পন্ন হয়েছে। আইসোলেশনে ২০ টি বেড প্রস্তুত আছে, আইসোলেশন বেডে ৩১ টি অক্সিজেন সিলিন্ডার, অক্সিজেন ফ্লোমিটার ১৮ টি এবং ৮ টি অক্সিজেন কনসেন্ট্রেটর প্রস্তুত আছে। সন্দেহজনক রোগীর স্যাম্পল পাঠানো অব্যাহত আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।


	২৩ টি কমউনিটি ক্লিনিকে সর্বমোট ২৪৯৫৫ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ৬৭৩জন রোগীকে জটিলতার জন্য অন্যত্র রেফার করা হয়েছে। ভিটাবল্যা উপ-স্বাস্থ্য কেন্দ্র থেকে মোট ১৩০৩ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর বহিঃ বিভাগ থেকে ৬৬৪৩ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া জরুরী বিভাগ থেকে ১০০৩ জন রোগীকে প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এবং ৪৭২জন রোগীকে অন্তঃবিভাগে ভর্তি করে চিকিৎসা প্রদান করা হয়েছে। সাভাবিক ডেলিভারী ৪৬জন, ১৫জন সিজারিয়ান অপারেশন করা হয়। ২৫০ জন রোগীকে ভায়া পরীক্ষা হইয়াছে। ৭টি সহকারী স্বাস্থ্য পরিদর্শক পদের মধ্যে ১ টি পদ পূরণ আছে। স্বাস্থ্য পরিদর্শক ২ টি পদের মধ্যে ২ টি পদ শূন্য আছে। হাসপাতালে পরিচ্ছন্নতাকর্মী ৫ টি পদের মধ্যে ৩ টি শূন্য, ওয়ার্ডবয় ৩ টি পদের মধ্যে ৩ টি পদ শূন্য, আয়া ২ টি পদের মধ্যে ২ টি শূন্য। ইপি আই কার্যক্রম চলমান আছে।		
গ.কৃষি বিভাগ:	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, স্বাধীনতার মাসে অনুষ্ঠিত উপজেলা মাসিক সভায় মহান মুক্তিযুদ্ধের সকল শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা ও তাদের রুহের মাগফেরাত কামনা করে উপজেলা কৃষি অফিসার মহোদয় সভায় জানান যে, রবি মৌসুমে ১৫৯০০ হে: জমিতে বোরো ধান আবাদে লক্ষ্যমাত্রার বিপরীতে ১৬৪২০ হে: জমিতে বোরো আবাদ সম্পন্ন হয়েছে। বোরো ধানের রোগ ও পোকা দমনসহ সার্বিক পরামর্শ প্রদান করা হচ্ছে। ফসলের অবস্থা ভালো। বিশেষ কর্মসূচীর আওতায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন, ভার্মিকম্পোস্ট/কম্পোস্ট তৈরি, আম ও লিচু গাছে বুটিন স্প্রেসহ অন্যান্য কার্যক্রম করার জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করা হয়েছে। পারিবারিক পুষ্টিবাগান প্রকল্পের আওতায় ০৯টি কৃষক গ্রুপের মাঝে ১টি ফুট পাম্প, ১টি হ্যান্ড স্প্রেয়ার, ৩টি বাড়িং নাইফ, ৩টি বুশ কাটার যন্ত্রপাতি বিতরণ করা হয়েছে। ফসলের রোগ পোকা দমনসহ কৃষকদের সার্বিক পরামর্শ প্রদান করা হচ্ছে। খরিফ-১/২০২১-২২ অর্থ বছরে ২০২২-২৩মৌসুমে প্রগোদনা কর্মসূচীর আওতায় ১৩০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে আউশ ধানের বীজ ও সার বিতরণের করা হয়েছে। উপজেলা কৃষি অফিসার মহোদয় গত ৩০/০৩/২০২২ খ্রি. তারিখে দৈনিক গ্রামের কাগজ, দৈনিক নওয়াপাড়া লোকসমাজ ও সমাজের কথা সহ কয়েকটি স্থানীয় পত্রিকায় বাঘারপাড়ায় এমওপি সারের সংকট শিরোনামে প্রকাশিত সংবাদের প্রতি সবার দৃষ্টি আকর্ষণ করে বলেন চলতি মার্চ মাসে উপজেলায় এমওপি সারের বরাদ্দের পরিমাণ ১৪১ মে.টন:। চলতি মাসের উত্তোলন ১৩৫ মে.টন:। গত মাসের সার অনুত্তোলিতসহ এ মাসে মোট উত্তোলন ২৪৫ মে.টন: এবং অদ্য ৩১/০৩/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত মোট বিক্রয় ২০০ মে.টন:। সে মোতাবেক আজ পর্যন্ত উপজেলায় এখনও মজুদ ৪৫ মে. টন:। সুতরাং বাঘারপাড়ায় এমওপি সারের সংকট সংবাদটি সম্পূর্ণ অসত্য ও ভিত্তিহীন। তিনি জানান যে সংবাদ প্রকাশের সাথে সাথেই উপজেলা কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অফিসার, সহকারী কৃষি সম্প্রসারণ অফিসার এবং উপসহকারী কৃষি অফিসাদের সরেজমিন তদন্তে এ সংবাদের কোন ভিত্তি পাওয়া যায়নি এবং এ সংক্রান্ত কৃষক ও ডিলারদের বক্তব্য তিনি সভায় উপস্থাপন করেন। পত্রিকায় নাম আসা খুচরা ডিলার ও কৃষকগণ তাদের বক্তব্য (মূলতঃ বক্তব্য নয় আনুষ্ঠানিক কথোপকথন) ভুলভাবে অপব্যখ্যা সহ উপস্থাপন করা হয়েছে মর্মে লিখিত বক্তব্য প্রদান করেছেন মর্মে তিনি সভাকে অবহিত করেন। তিনি সভাকে আরও জানান যে, চলতি বোরো মৌসুমে ইতোমধ্যেই সারের ব্যবহার প্রায় শূন্যের কোটায় নেমে এসেছে। বোরো ধানে আর সারের প্রয়োজন না থাকায় সারের সংকট বা বেশি দামে সার বিক্রয় প্রকল্পই আসতে পারে না। তথাপি ও কৃষি বিভাগের সার্বক্ষনিক মনিটরিং চলমান রয়েছে যেন কোথাও বেশি দামে সার বিক্রি না করা হয়। পত্রিকায় নাম আসা তিন জন বি. সি. আই. সি. সার ডিলার কে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়েছে এবং ভেজাল সার সংরক্ষণ ও বিক্রির অপরাধে সম্প্রতি	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা।

	একজন বি. এ. ডি. সি. সার ডিলারকে ৫০,০০০/-টাকা জরিমানা করা হয়েছে। তিনি সভাকে অবহিত করেন যে বর্তমান সরকার কৃষি বাবদ সরকার, কৃষি খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদানকারী সরকার ক্ষমতায় থাকা অবস্থায় কোনদিন কোথাও সারের পিছনে কৃষককে ছুটতে হয়নি বরং ন্যায্য মূল্যে সার সহ সকল উপকরন এখন কৃষকের দোরগোড়ায়। এমতাবস্থায় সরকারের সর্বোচ্চ সফল খাতকে সম্পূর্ণ অসত্য ও ভিত্তিহীন তথ্য দ্বারা কলুষিত করার ঘৃণ্য অপচেষ্টা শুধুমাত্র কৃষি বিভাগকে নয় বরং সরকারকেই বেকায়দায় ফেলার ষড়যন্ত্র ছাড়া কিছু নয়। এরূপ পরিস্থিতির পুনরবৃত্তি রোধে তিনি অচিরেই জন প্রতিনিধিদের সম্মুখে সংশ্লিষ্ট সংবাদিক কৃষক ও ডিলারদের এক প্লাটফর্মে বসিয়ে প্রকৃত সত্য উদঘাটনের মাধ্যমে দোষীদের শাস্তির আওতায় আনার জন্য উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সম্মানিত সভাপতি উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান।		
ঘ.মৎস্য বিভাগ:	উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, বাঘারপাড়া যশোরের জনবল নিয়ে দাপ্তরিক কাজ সম্পন্ন করে যাচ্ছে। চলতি মার্চ/২২ মাসে উপজেলা মৎস্য দপ্তরের কার্যক্রমসমূহ মধ্যে উল্লেখযোগ্য হল। উপজেলা মৎস্য দপ্তর, বাঘারপাড়া, যশোরের আওতায় পরিচালিত ইউনিয়ন মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়) এবং এনএটিপি-২ প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় ৫৩ জন আরডি ও মৎস্য চাষিকে মৎস্য বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উপজেলা প্রশাসনের সহযোগিতায় উপজেলা মৎস্য দপ্তর, বাঘারপাড়া, যশোর চিত্রা নদীতে মোবাইলকোর্ট পরিচালনা করে কারেন্ট জাল ও চায়না দুয়ারী জাল বিনষ্ট করা হয়েছে। যা প্রাকৃতিক জলাশয়ে দেশীয়প্রজাতির মাছ উৎপাদন ও প্রজননের জন্য বিশেষ ভূমিকা রাখবে। বাঘারপাড়া উপজেলায় জেলে নিবন্ধনের কাজ চলমান আছে। এছাড়াও ৩ টি বিলনার্সারি কার্যক্রম শুরু হবে। উপজেলা মৎস্য দপ্তর, বাঘারপাড়া, যশোরের আওতায় পরিচালিত ইউনিয়ন মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়) এর ৩টি প্রদর্শনীর প্রাথমিক কার্যক্রম সম্পন্ন হয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা।
ঙ.প্রাণি সম্পদ বিভাগ:	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। তিনি আরো জানান যে, (১) কৃত্রিম প্রজনন (ক) তরল সিমেন-২৫২টি, (খ) হিমায়িত সিমেন-১১৬০টি, (২) টিকা প্রদান- (ক) গবাদি পশু-১৪১০টি, (খ) হাস-মুরগী-৬২৫০০টি, (৩) চিকিৎসা প্রদান- (ক) গবাদি পশু-২২৯৫টি, (খ) হাস-মুরগী-৮৭৮৭টি, (গ) পোষা প্রাণী- ০২টি, (৪) ফ্রি মেডিকেল ক্যাম্প-০১টি (৫) উঠান বৈঠক-০৩টি সম্পন্ন করা হয়েছে।	দাপ্তরিক কর্মকান্ড সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
চ.সমাজসেবা দপ্তর:	উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, বয়স্ক ভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতার চলতি ২০২১-২২ অর্থবছরের ৩য় কিস্তির পেরোল প্রদান করা হয়েছে। বয়স্ক ভাতা, বিধবা/স্বামী নিগৃহীতা মহিলা শতভাগের আওতাভুক্ত ভাতাপ্রত্যাশীদের ২য় কিস্তির টাকা ব্যাংক এশিয়ার মাধ্যমে বিতরণ কার্যক্রম চলমান আছে। ২০২১-২২ অর্থ বছরে অতিরিক্ত প্রতিবন্ধী ভাতাভোগীদের ২য় কিস্তির টাকা ব্যাংক এশিয়ার মাধ্যমে বিতরণ কার্যক্রম চলমান আছে। বিভাগের অন্যান্য কার্যক্রম সন্তোষজনক।	ভাতা প্রদান ও দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা
ছ.পরিবার পরিকল্পনা বিভাগ:	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার দপ্তরের কার্যপত্র থেকে জানা যে, গত মাসে উপজেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৮৮০০ জন। বিভিন্ন পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা খাবার বড়ি ৬১৮২(ছত্র) কনডম ৯১২৬(পিস) ইনজেকটেবল ৯৩৬জন আইইউডি ১০জন, ইমপ্লান্ট ৩৬জন, স্থায়ী পদ্ধতি পুরুষ ০০জন, মহিলা ০২ মোট ০২ জন।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা

ঠ. সমবায় বিভাগ :	উপজেলা সমবায় কর্মকর্তা সভায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরে গত মাস পর্যন্ত মোট নিবন্ধিত সমিতির সংখ্যা ৪৭৪ টি। আদায়যোগ্য অডিট ফি সাধারণ -৮২৭১০/-, আদায়যোগ্য অডিট ফি পউবো-২৪৮০০/- আদায়কৃত অডিট ফি সাধারণ -৮২৭১০/-, / -আদায়কৃত অডিট ফি পউবো-২৪৮০০/-। আদায়ের হার ১০০%। আদায়যোগ্য সিডিএফ সাধারণ-৫৭১৫২/-, আদায়যোগ্য সিডিএফ পউবো-৭৪৩৮/-, আদায়কৃত সিডিএফ সাধারণ-৫৭১৫২/-, আদায়কৃত সিডিএফ পউবো -৭৪৩৮/- । আদায়ের হার ১০০%। অডিট যোগ্য কেন্দ্রীয় সমবায় সমিতি (বিআরডিবি) ২টি, অডিট সম্পাদন ০২টি, অডিট নোট দাখিল ০২টি । অডিট যোগ্য প্রাথমিক সাধারণ সমবায় সমিতি ৬০টি, অডিট সম্পাদন ৬০টি, অডিট নোট দাখিল ৬০টি। এছাড়া পরিদর্শন অগ্রগতি বিগত মাস পর্যন্ত ৩৬টি, বর্তমান মাসে সম্পাদন ০৬টি । মোট সম্পাদন ৪২টি । এবং ৪ (চার) টি আশ্রয়ণ প্রকল্পে মূল বরাদ্দ ৭৬০০০০/-টাকা। ঋণায়মান তহবিল হতে বিগত মাস পর্যন্ত বিতরন ২৮৩৩০০০/- এবং চলতি মাসে বিতরন ১৮০০০০/- মোট বিতরন =৩০,১৩,০০০/- মোট ঋণায়মান ঋণ বিতরণ ৩৭,৭৩,০০০/- মোট ঋণ আদায় ৩৫১১৫৯৪/- অনাদায়ী ঋণের পরিমাণ ৫৪৮৮৪৬/-। আদায়ের হার ৯০%।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো ।	উপজেলা সমবায় কর্মকর্তা
ড. মহিলা বিষয়ক দপ্তর:	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, বাঘারপাড়া উপজেলায় বর্তমানে ভিজিডি উপকারভোগীর সংখ্যা ২১৫১ জন । মার্চ/২০২২ মাসের ডিও প্রদান করা হয়েছে । খাদ্য বিতরণ চলমান রয়েছে । আয়বর্ধক আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের ফ্যাশন ডিজাইন ও বিউটিফিকেশন ট্রেন্ডের ১৪ ও ১৫ তম ব্যাচের প্রশিক্ষণার্থীদের ভাইবা ৩০/০৩/২০২২ খ্রি. তারিখে সম্পন্ন হয়েছে । প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে । কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে । বাঘারপাড়া উপজেলার ১০ টি কিশোর কিশোরী ক্লাবে ১৭ মার্চ/২০২২ উদযাপন উপলক্ষে পুরস্কার বিতরণ করা হয় এবং ১০ ক্লাবে কেক কেটে ১৭মার্চ/২০২২ উদযাপন করা হয় । বাল্য বিবাহ, নারী নির্যাতন, মানব পাচার প্রতিরোধ, যৌতুক নিরোধ ও অটিজম বিষয়ে উঠান বৈঠক ও সচেতনতা মূলক সভা চলমান রয়েছে । নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে আইনী সহায়তা কার্যক্রম চলমান রয়েছে ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো ।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ।
ঢ. ত্রাণ বিভাগ:	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলমান আছে ।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
ণ. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের নলকূপের সহায়ক চীদা বাবদ বিডিটি / ব্যাংক ড্রাস্ট / পে-অর্ডার জমা নেওয়ার কার্যক্রম চলমান রয়েছে পাশাপাশি নলকূপ বোরিং এর কার্যক্রম চলমান রয়েছে। বাঘারপাড়া উপজেলার বিভিন্ন ইউনিয়নের গ্রাম পর্যায়ে বিভিন্ন নলকূপের আর্সেনিক স্ক্রিনিং এর কার্যক্রম চলমান আছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)
ত. বন বিভাগ	ফরেস্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর সভায় জানান যে, দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। তিনি আরো জানান যে, ছাতিয়ানতলা হতে ভাঙ্গুড়া পর্যন্ত ৩০ সেডলিং কিলোমিটার বনায়নের গাছ বিক্রয়ের জন্য সরকারি বিধি মোতাবেক কার্যক্রম চলমান । ২০২১-২২ আর্থিক সনে ঝাঙ্গালিয়া খানপুর হতে সাদিপুর পর্যন্ত ৭ সিডলিং কিলোমিটার ও ক্ষেত্রপালা হতে খানপুর পর্যন্ত ৩ সিডলিং কিলোমিটার মোট ১০ সিডলিং কিলোমিটার বনায়ন করা হয়েছে ।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	ফরেস্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর

০৮.বিবিধ:	চেয়ারম্যান উপজেলা পরিষদ সকলকে দায়িত্বের সহিত কর্মকান্ড পরিচালনার জন্য আহবান জানান।	নীতিমালা ও বিধিমালা অনুযায়ী এবং দায়িত্বের সহিত কার্যক্রম পরিচালনার আহবান জানান।	সংশ্লিষ্ট সকল
-----------	--	---	---------------

অতঃপর অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।


 ৩১/০৩/২২
 ভিক্টোরিয়া পারভীন সাথী
 সভাপতি
 ও
 চেয়ারম্যান
 উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

উপজেলা পরিষদ বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ০৫.৬৫৪.০০৬.১৩.১৫.০১৮.২০২২-১০

তারিখঃ ৩১/ ০৩/ ২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
৪. জেলা প্রশাসক, যশোর।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, যশোর।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৭. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৮. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৯. মেয়র, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
১০. উপজেলা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১১. চেয়ারম্যান, ... ইউনিয়নপরিষদ, বাঘারপাড়া, যশোর।
১২. সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।


 ৩১/০৩/২২
 আ.ন.ম আবুজর গিফারী
 উপজেলা নির্বাহী অফিসার
 বাঘারপাড়া, যশোর।